Social Morphology of rural Settlement.

Rash Bihari Garain
Dept. of Geography
K.C. College, Hetampur

গ্রামীণ বসতির কায়িক গঠন বলতে বোঝায় এই বসতির দেহগত আকার-আকৃতি ও চেহারার কথা।

The term 'rural settlement' may be defined as the scientific study of the form, structure, origin and development of a rural area. The term is used to describe a rural settlement in terms of area, population and settlement.

বিভিন্ন ভৌগোলিক পরিবেশের প্রভাবে গ্রামীণ বসতির কায়িক গঠন বা Morphology বিভিন্ন রকমের হয়ে থাকে। বসতির আকার, আকৃতি ও আয়তন অনুসারে এগুলিকে প্রধান তিন শ্রেণীতে ভাগ করা যায়; যথা-

1. গোষ্ঠীবদ্ধ / সংঘবদ্ধ / পিণ্ডাকৃতি বসতি।
2. ইতস্তত ~~বিচ্ছিন্ন~~ বিক্ষিপ্ত বসতি।
3. ~~[illegible]~~ দণ্ডাকৃতি / রৈখিক বসতি।

এগুলি সম্পর্কে নিম্নে আলোচনা করা হল —

1. গোষ্ঠীবদ্ধ / সংঘবদ্ধ বসতি :=

অনেকগুলি পরিবার যখন একটু সাথে বসবাস করে তখন তাকে গোষ্ঠীবদ্ধ বসতি বলে। এই বসতি ~~[illegible]~~ যেসময় আকারে বৃদ্ধি পেয়ে যখন বড় আকার ধারণ করে তখন তাকে সংঘবদ্ধ বসতি বলে।

- সাধারণত বন্যাপ্রবাহমুক্ত উঁচু জমিতে এই বসতি গড়ে ওঠে। উর্বর কৃষিজমির পাশে যাতায়াতের সুবিধাযুক্ত স্থানে গোষ্ঠীবদ্ধ বসতি প্রবল প্রসার লাভ করে।
- গোষ্ঠীবদ্ধ বসতি অর্থনৈতিক দিক থেকে সমৃদ্ধ ও বর্ধিষ্ণু হয়ে থাকে। এই রকমের বসতি খুব ঘনসন্নিবিষ্ট হয়।

2. বিক্ষিপ্ত জনবসতি :=

এই বসতির আকার-আকৃতি অতি ক্ষুদ্র ক্ষুদ্র এবং পরস্পর থেকে বিচ্ছিন্ন বা ছাড়া-ছাড়া। এই ছোট ছোট বসতি বিশাল অঞ্চলের ওপর ছড়িয়ে ছিটিয়ে অবস্থান করে।

- এই ধরনের বসতিতে দুই-একটি ঘর অনেক দূরে দূরে অবস্থান করতে দেখা যায়। ~~[illegible]~~
- অরণ্য অঞ্চল, বিক্ষিপ্ত পাহাড়িয়া অঞ্চল, বনভূমি, মরুদ্বীপ প্রভৃতি অঞ্চল বা ক্ষুদ্র ক্ষুদ্র জলবিভাজিকা দ্বারা বিচ্ছিন্ন অবস্থানিক অঞ্চলের স্থানবিশেষে এইরূপ বিক্ষিপ্ত জনবসতি গড়ে ওঠে।
- পাকদণ্ডী সরু পথ এখানকার যোগাযোগের প্রধান উপায়।
- সাধারণত অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর অঞ্চলে এই রকমের বসতি গড়ে ওঠে।

3. সড়কাকৃতির বসতি/রৈখিক বসতি :=

সাধারণত কোন সড়কপথ বরাবর, রেলপথ বরাবর বা নদীপথ বরাবর উঁচু বাঁধের ধার লাইন করে যেসব জনবসতি গড়ে ওঠে তাকে সড়কাকৃতির বসতি / রৈখিক বসতি বলে।

- গ্রামীণ বসতির আকৃতি সময় অনেক সময় এইরূপ হয়ে থাকে।
- প্রধানত যাতায়াতের সুযোগ-সুবিধার উপর নির্ভর করে এই ধরণের বসতি গড়ে ওঠে।
- এই রূপ জনবসতি বিন্যাস ঘন নয়।
- অর্থনৈতিক সুযোগ-সুবিধা বেশি পাওয়া গেলে এই ধরণের বসতি দীর্ঘ হয়।

উপসংহার := গ্রামীণ বসতির Morphology পর্যালোচনা করলে যে বিষয়টি দৃষ্টি আকর্ষণ করে সেটি হল বস্তির অনুপস্থিতি অর্থাৎ বড় শহরের মত বস্তির বিস্তার প্রধান নেই। জমির বেশি থাকার ফলে ছাড়া-ছাড়া ঘর বিস্তার লাভ করে। গ্রামীণ বসতির আকৃতি গড়ে থেকে গাছপালা ও মজুর-প্রজন জমীদারদের দৃষ্টি আকর্ষণ করে।

—o—